

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৩৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. প্রথম অনুচ্ছেদ - সালাতে কিরাআতের বর্ণনা

بَابُ الْقِرَاءَةِ فِي الصَّلَاةِ

আরবী

وَعَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْرَأُ فِي الْفَجْرِ ب (ق وَالْقُرْآنِ الْمجِيد) وَنَحْوِهَا وَكَانَتْ صَلَاتُهُ بَعْدُ تَخْفِيفًا. رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

৮৩৫-[১৪] জাবির ইবনু সামুরাহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ফাজ্রের (ফজরের) সালাতে সূরাহ্ 'ক্ল-ফ ওয়াল কুরআনিল মাজীদ' ও এরূপ সূরাগুলো তিলাওয়াত করতেন। অন্যান্য সালাত (সালাত/নামায/নামাজ) ফাজ্রের (ফজরের) চেয়ে কম দীর্ঘ হত। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৪৫৮, আহমাদ ২০৯৭১। ফাজর (ফজর) সালাতের পরবর্তী সালাতগুলো হালকা হত। অর্থাৎ-রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কিরাআত (কিরআত) ফজরের তুলনায় অন্যান্য সালাতে অধিক হালকা ছিল।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (کَانَ يَقُرْأُ فِي الْفَجْرِ بِقَ وَالْقُرْانِ الْمَجِيْدِ) "নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফাজরের (ফজরের) সালাতে সূরাহ্ ক-ফ 'ওয়াল কুরআ-নিল মাজীদ' পাঠ করতেন।" অর্থাৎ- তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) অধিকাংশ সময় ফাজরের (ফজরের) সালাতে তা পাঠ করতেন। তিনি তা সর্বদা পাঠ করতেন না। কেননা এটা সাব্যস্ত আছে যে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ফাজরের (ফজরের) সালাতে সূরাহ "ইযাশ্ শামসু কুয়্যিরত" পাঠ করতেন। তেমনিভাবে মক্কাতে ফাজরের (ফজরের) সালাতে সূরাহ্ আল মু'মিনূন পাঠ করেছেন। মোটকথা, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ফাজরের (ফজরের) সালাতে অন্যান্য সূরাও পাঠ করেছেন।



(وَكَانَ صَلَاتُه بَعْدُ تَخْفِيفًا) "তার পরবর্তী সালাতগুলো সংক্ষিপ্ত ছিল।" অর্থাৎ- ফাজরের (ফজরের) সালাত বাদে অন্যান্য সালাতের কিরাআত (কিরআত) সংক্ষিপ্ত ছিল। অথবা এর দ্বারা উদ্দেশ্য পরবর্তীতে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ফাজরের (ফজরের) সালাতের কিরাআত (কিরআত) সংক্ষিপ্তভাবে আদায় করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন